যুগান্তর

তারিখ 27 AUG 2008
পৃষ্ঠা 2 কলাম 6

# অস্ট্রেলিয়ান শিক্ষা প্রদর্শনী শুরু

যুগান্তর রিপোর্ট

দু'দিনব্যাপী অস্ট্রেলিয়ান শিক্ষা প্রদর্শনী ঢাকা শেরাটন হোটেলে শুরু হয়েছে। অস্ট্রেলিয়ার ১২টি শিক্ষা প্রতিষ্ঠান এতে অংশ নিচ্ছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অস্ট্রেলিয়ায় পড়তে আগ্রহী শিক্ষার্থীদের নানা বিষয়ে ধারণা দিচ্ছেন। কোর্সের মেয়াদ, ভর্তি ফি এবং কোর্স সমাপ্তির মোট ব্যয় প্রদর্শনী থেকে জানা যাচ্ছে। ভর্তির শর্ত পূরণ করলে তৎক্ষণাৎ ভর্তির ব্যবস্থা রাখা হয়েছে। প্রদর্শনীতে প্রবেশমূল্য রাখা হয়েছে মাত্র ২০ টাকা। সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রদর্শনী খোলা থাকবে।

মঙ্গলবার সকালে অস্ট্রেলিয়ান হাইকমিশনের ট্রেড কমিশন এবং আইডিপি এডুকেশনের যৌথ উদ্যোগে আয়োজিত এ প্রদর্শনীর উদ্বোধন করেন অস্ট্রেলিয়ান হাইকমিশনার এইচ ই ডগলাস ফসকেট। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অস্ট্রেডের ব্যবসা উন্নয়ন ব্যবস্থাপক মুস্তাফিজুর রহমান এবং আইডিপি এডুকেশনের (অস্ট্রেলিয়ান সেন্টার ফর এডুকেশন) কান্ট্রি ডিরেক্টর শরিফ রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে অস্ট্রেলিয়ান হাইকমিশনার বলেন, বাংলাদেশসহ ১৪০টি দেশের ২ লাখ ছাত্র অস্ট্রেলিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করছে। অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মানসম্পন্ন পাঠদান পদ্ধতি ও গবেষণার জন্য সুনাম রয়েছে। বর্তমানে ৫ হাজার বাংলাদেশী অস্ট্রেলিয়াতে লেখাপড়া করছে। ফসকেট জানান, বাংলাদেশী ছাত্রদের কাছ থেকে বিপুলসংখ্যক দরখাস্ত অস্ট্রেলিয়ান হাইকমিশনে জমা পড়ছে।

প্রদর্শনীতে অংশ নেয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলো হল— অস্ট্রেলিয়ান ইন্সটিটিউট অব কমার্স এন্ড ল্যাঙ্গুয়েজ, হেলস ইন্সটিটিউট, হোলমসগ্লেন ইন্সটিটিউট অব টিএএফই, ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) এন্ড ইনসার্চ, মোনাশ ইউনিভার্সিটি, টিএএফই এনএসডাব্লিউ, দি ইউনিভার্সিটি অব সিডনি, ইউনিভার্সিটি অব সাউদার্ন কুইন্সল্যান্ড, ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন সিডনি ইন্টারন্যাশনাল, সিকিউ ইউনিভার্সিটি এবং মেরিডিয়ান ইন্টারন্যাশনাল হোটেল স্কুল।

শিক্ষা প্রদর্শনী উদ্বোধনীর পরপরই অস্ট্রেলিয়ায় পড়তে আগ্রহী শিক্ষার্থীরা এসব শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের কাছ থেকে ভর্তিসহ বিভিন্ন বিষয়ে জানার জন্য ভিড় জমায়। আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এআইইউবি) বিবিএ'র তৃতীয় বর্ষের ছাত্র পার্থ জানান, অস্ট্রেলিয়ায় লেখাপড়ার মান ভালো, এজন্য তিনি অস্ট্রেলিয়ায় যেতে চান। এজন্য মেলায় এসে ভর্তি ও লেখাপড়ার খরচসহ বিভিন্ন বিষয়ে জানতে পারছেন।